



অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ বিভাগ

প্রকা/অনিবি- প্রশা- ৪২/২০১৫- ২০১৬/৯৩(১২৫০)

তারিখঃ ১৩- ০৮- ২০১৫খ্রিঃ

সকল মুখ্য আঞ্চলিক/ আঞ্চলিক ব্যবস্থাপক  
মুখ্য আঞ্চলিক/ আঞ্চলিক কার্যালয়সমূহ  
সকল শাখা ব্যবস্থাপক (মুখ্য আঞ্চলিক/ আঞ্চলিক ব্যবস্থাপকের মাধ্যমে)  
বাংলাদেশ কৃষি ব্যাংক


বিষয়ঃ জানুয়ারী- মার্চ/২০১৫ ত্রৈমাসিকের Self Assessment of Anti Fraud Internal Controls সম্পর্কিত প্রতিবেদন প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

উপর্যুক্ত বিষয়ে দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে। বাংলাদেশ ব্যাংকের ডিপার্টমেন্ট অব অফসাইট সুপারভিশন এর ০৩- ০৮- ২০১৫ তারিখের ৯৯২৬নং পত্রে নিম্নোক্ত নির্দেশনা প্রদান করা হয়েছে।

১. বর্তমানে জাল- জালিয়াতির দুটি প্রতিবেদন শাখা থেকে ত্রৈমাসিক ভিত্তিতে মুখ্য আঞ্চলিক/ আঞ্চলিক কার্যালয়ে প্রেরণ করা হয়ে থাকে। মুখ্য আঞ্চলিক/ আঞ্চলিক কার্যালয় কর্তৃক তা একীভূত করে অত্র বিভাগে প্রেরণ করা হয়। উক্ত জাল- জালিয়াতির বিবরণীদ্বয় সঠিকভাবে প্রস্তুতকরণের ক্ষেত্রে বিশেষ সতর্কতা অবলম্বন করতে হবে যাতে বাংলাদেশ ব্যাংকের সরেজমিনে পরিদর্শনে প্রাপ্ত তথ্য এবং অন্য যে কোন উৎস হতে প্রাপ্ত তথ্যের মধ্যে গরমিল পরিলক্ষিত না হয়।
২. ব্যাংকের জাল- জালিয়াতি প্রতিরোধে Suspense, Sundry Debtors, Sundry Creditors, Sundry deposits, Government Utility, Miscellaneous ইত্যাদি হিসাবসমূহ ব্যাংকের নিয়ম নীতি অনুসরণপূর্বক যথাসময়ে সমীকরণ এবং অসম্বিত এন্ট্রিসমূহ দ্রুত নিয়মিতকরণে শাখা এবং নিয়ন্ত্রণকারী কার্যালয়ের তদারকি আরও জোরদার করতে হবে।
৩. শাখা ব্যবস্থাপক কর্তৃক প্রতি কর্মকর্তার এ্যাকটিভিটি রিপোর্ট (কম্পিউটার পোষ্টিং) দৈনিক ভিত্তিতে ভাউচারের সাথে মিলিয়ে দেখা হলে ভূয়া লেনদেনের মাধ্যমে জালজালিয়াতি অভ্যন্তরীণ দ্রুততার সাথে চিহ্নিত করা এবং প্রতিরোধ করা সম্ভব বিধায় এ বিষয়টি দৈনিক ভিত্তিতে মনিটরিং করে প্রকৃত তথ্য যাচাইপূর্বক হিসাবের সঠিকতা এবং কোন জাল- জালিয়াতি বা দৈনন্দিন লেনদেনে কোন অর্থ আঙ্গুসাৎ হয়নি মর্মে সুনিশ্চিত হতে হবে।
৪. বিশদভাবে শাখাসমূহের ঝুঁকি পর্যালোচনাপূর্বক উচ্চ, মধ্যম, নিম্নঝুঁকির শাখা নির্ধারণ করার ক্ষেত্রে নিয়মিত ও সঠিকভাবে ত্রৈমাসিক অপারেশনস রিপোর্ট (Quarterly Operations Report-QOR) পর্যালোচনা করে শাখার অতি সাম্প্রতিক অবস্থা অর্থাৎ ঝুঁকির মানের কোন উন্নতি হয়েছে কিনা তা বিবেচনা করতে হবে।
৫. জাল- জালিয়াতির অধিকাংশ ক্ষেত্রে শাখার কর্মকর্তা/কর্মচারী জড়িত থাকে বিধায় শাখা ব্যবস্থাপক কর্তৃক বিশেষ সতর্কতা অবলম্বন সহ অধীনস্থদের কায়কর্ম দৈনন্দিন ভিত্তিতে নজরদারী করতে হবে।
- ০২। এ বিষয়ে অধীনস্থ শাখাসমূহকে প্রয়োজনীয় দিক নির্দেশনা প্রদানসহ প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

আপনার বিশ্বস্ত,

  
২৬/০৮/২০১৫  
(মোঃ ফিরোজ হুইয়া)  
উপ- মহাব্যবস্থাপক

অনুলিপিঃ

- ০১। স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, নিরীক্ষা ও অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ মহাবিভাগ, বিকেবি, প্রকা, ঢাকা।
- ০২। উপ-মহাব্যবস্থাপক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। (পত্রটি ব্যাংকের অফিসিয়াল ওয়েব সাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।